যুগান্তর

তারিখ 2 1 FEB 2016
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

### অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

# তিতুমীর কলেজ শিক্ষার্থীদের বিক্ষোভ

**যুগান্তর রিপোর্ট**

চতুর্থ বর্ষের পরীক্ষা ও বিভিন্ন বিভাগের সেমিনার ফি অতিরিক্ত আদায়ের প্রতিবাদে শনিবার সকালে প্রায় ৩০ মিনিট সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন রাজধানীর সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীরা। এতে মহাখালী ও গুলশান-বনানী এলাকায় শত শত যানবাহন আটকা পড়ে। ব্যাপক ভোগান্তির শিকার হন মানুষ।

প্রত্যক্ষদর্শী এবং পুলিশ জানায়, সকাল সাড়ে ১০টার দিকে ছাত্রছাত্রীরা প্রথমে কলেজের প্রধান ফটকের সামনে মানববন্ধনে দাঁড়ান। পরে তারা সড়কে মিছিল শুরু করেন। একপর্যায়ে কলেজের সামনের সড়ক অবরোধ করেন। এ সময় শিক্ষার্থীদের হাতে প্ল্যাকার্ড ছিল। তারা কলেজের অধ্যক্ষ আবু হায়দার আহমেদ নাসেরের অপসারণ চেয়েও স্লোগান দেন। শিক্ষার্থীদের অভিযোগ, চতুর্থ বর্ষের পরীক্ষার ফি এবং বিভিন্ন বিভাগের সেমিনার ফির নামে কর্তৃপক্ষ সর্বনিম্ন ১১০০ টাকা এবং সর্বোচ্চ চার হাজার টাকা পর্যন্ত বেশি নিচ্ছে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ খাতওয়ারি কোনো বিবরণী ছাড়াই অর্থ আদায় করছে। অথচ ঢাকা কলেজ বা ইডেন কলেজসহ অন্যান্য প্রতিষ্ঠান বিবরণী দিয়ে অর্থ নিচ্ছে। ওইসব প্রতিষ্ঠানে কম অর্থ নেয়া হচ্ছে বলেও দাবি শিক্ষার্থীদের। এ সময় প্রণব নামে এক ছাত্র জানান, একুশে ফেব্রুয়ারির ছুটির পর তারা আবার কর্মসূচি পালন করবেন।